47

ভোরের কাগজ

তারিখ ... JUL. 1 3 1999
পৃঃ ৬ কলাম ৫

খুলনায় ছাত্রফ্রন্টের সম্মেলন

# সরকারের প্রতি শিক্ষার আর্থিক দায়-দায়িত্ব নেওয়ার আহ্বান

খুলনা প্রতিনিধি : সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট খুলনা মহানগর শাখার প্রথম সম্মেলনে বক্তারা শিক্ষার আর্থিক দায়-দায়িত্ব সরকারকে নেওয়ার আহ্বান জানিয়েছেন। বক্তারা বলেন, দীর্ঘদিনের লড়াই-সংগ্রামের মধ্য দিয়ে এদেশের ছাত্রসমাজ বিজ্ঞানভিত্তিক, সেক্যুলার, সর্বজনীন, একমুখী শিক্ষা ব্যবস্থা চালুর দাবি জানাচ্ছে। প্রকৃতপক্ষে, ধনবাদী সমাজের স্বার্থ রক্ষাকারী বর্তমানের আওয়ামী লীগ, বিএনপির মতো দলগুলো এ দাবি পূরণ করতে পারছে না। এটি তাদের ঐতিহাসিক দুর্বলতা। এমনকি স্বৈরাচারবিরোধী গণআন্দোলনের মধ্য দিয়ে গড়ে ওঠা ১০ দফার ভিত্তিতে এরা একটি শিক্ষানীতি প্রণয়ন করতে পারছে না।

গত রোববার সকাল সাড়ে ১১টায় শহীদ হাদিস পার্কে ছাত্র ফ্রন্ট খুলনা মহানগর শাখার সম্মেলনের উদ্বোধন ঘোষণা করেন ছাত্রনেতা নুরুল ইসলাম। পরে এক বর্ণাঢ্য র‍্যালি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে স্থানীয় প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভায় মিলিত হয়। সাইফুল ইসলাম সোহেলের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় আলোচনা করেন বাসদ নেতা রাজেকুজ্জামান রতন, বিশ্বজিৎ সাহা জন্টু, আশানুর রহমান খোকন, ও সঞ্জয় দেবনাথ।

সম্মেলনে সাইফুল ইসলাম সোহেলকে সভাপতি, সঞ্জয় দেবনাথকে সাধারণ সম্পাদক ও এস এম রয়েলকে সাংগঠনিক সম্পাদক করে ২১ সদস্যবিশিষ্ট খুলনা মহানগর কমিটি গঠিত হয়।